"শেখ হাসিনার মমতা
বয়স্কদের জন্য নিয়মিত
ভাতা"

তাগিদপত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
উপজেলা সমাজসেবা কার্যালয়
ধোবাউড়া, ময়মনসিংহ
https://dss.dhobaura.mymensingh.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.৬১১৬.০০০.২০.০১০.২১.৯

তারিখ: ২৩ চৈত্র ১৪২৭
০৬ এপ্রিল ২০২১

বিষয়: **মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের এমআইএস সফ্টওয়ারে এন্ট্রিকৃত বীর মুক্তিযোদ্ধাদের তথ্য বিভ্রাট/ সফ্টওয়ারের ত্রুটি ও অন্যান্য বিষয় সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য জানানো যাচ্ছে যে, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের এম আই এস সফ্টওয়ারে বীর মুক্তিযোদ্ধাদের তথ্য এন্ট্রি প্রদান ইতোমধ্যেই সম্পন্ন হয়েছে এবং সেগুলো সঠিকভাবেই প্রদান করা হয়েছিল। কিন্তু সফ্টওয়ারের সমস্যার কারণে প্রায়শই নিম্নরূপ অসুবিধা পরিলক্ষিত হচ্ছেঃ

১।এন্ট্রিকৃত তথ্য অজানা কোন কারণে ডিলিট হয়ে যাচ্ছে বা ইতোমধ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবপোর্টাল এর এমআইএস কর্ণার থেকে কোন বীর মুক্তিযোদ্ধার তথ্য ডাউনলোড করা হয়েছে কিন্তু এখন আর খুজে পাওয়া যাচ্ছে না। কিছু ক্ষেত্রে দেখা যাচ্ছে আংশিক কিছু তথ্য ডিলিট হয়ে গেছে (যেমনঃ গেজেট বা মুক্তিবার্তা।

২। এমআইএস করার সময় যাবতীয় তথ্য সঠিকভাবে এন্ট্রি করার পরও পার্সেন্টেজের ঘরে শূণ্য দেখায়।

৩। এমআইএস সুসম্পন্ন করার পর পেরোল প্রেরণ করা হয়েছে, কয়েক কিস্তি সঠিকভাবে ভাতাও পেয়েছে কিন্তু মাঝে মধ্যেই কিছু হিসাব নম্বরে সম্মানী ভাতার অর্থ আসে না। পরবর্তীতে তথ্য যাচাই করে দেখা যাচ্ছে যে, উক্ত ব্যক্তির হিসাব নম্বর বা ব্যাংক এর শাখা পরিবর্তন হয়ে গেছে বা ডিলিট হয়ে গেছে।

৪। আবার এমআইএস এ এন্ট্রিকৃত বীর মুক্তিযোদ্ধা বা ওয়ারিশ এর ছবি পরিবর্তন হয়ে গেছে।

৫। সর্বশেষ যে সমন্বিত খসড়া তালিকা প্রকাশ করা হয়েছে সেখানে অনেক লাল মুক্তিবার্তাধারী বীর মুক্তিযোদ্ধার নাম আসেনি যদিও সঠিকভাবেই তথ্য এন্ট্রি প্রদান করা হয়েছিল।

৬। পূর্বে কোন তথ্য সংশোধন করার সুযোগ বিদ্যমান থাকায় কোন বীর মুক্তিযোদ্ধা/ওয়ারিশের তথ্য সংশোধন করা যাচ্ছিল বা কারও সম্মানী ভাতা কোন কারণে না আসলে সেটি এডিট/ডিলিট করে নতুন করে পেরোল প্রেরণ করা যেত। কিন্তু বর্তমানে সেই অপশন বন্ধ করে দেওয়াতে অনেকের তথ্য সংশোধন করা যাচ্ছে না এবং কোন বীর মুক্তিযোদ্ধা/ওয়ারিশ মারা গেলে নতুন করে ভাতা প্রতিস্থাপনও করা যাচ্ছে না। ফলে উপকারভোগীগন বঞ্চিত হচ্ছেন।

৭। একই সফ্টওয়ারে সাধারণ বীর মুক্তিযোদ্ধাদের তথ্য এন্ট্রির পাশাপাশি খেতাবপ্রাপ্ত,, যুদ্ধাহত এবং শহীদ মুক্তিযোদ্ধাদের তথ্য এন্ট্রি প্রদান করার নির্দেশনা রয়েছে। সমস্যা হচ্ছে একই সফ্টওয়ারে সকলের তথ্য এন্ট্রি প্রদানের ফলে পেরোল প্রস্তুত করার সময় মারাত্মক জটিলতা সৃষ্টি হচ্ছে।

৮। বীর মুক্তিযোদ্ধা/ওয়ারিশের সকল তথ্য সঠিক থাকার পরও জানুয়ারী/২০২১ মাসের ৮০ জন কোন বীর মুক্তিযোদ্ধা/ওয়ারিশের ভাতার টাকা আসেনি। অন্যদিকে ফেব্রুয়ারী/২০২১ মাসের টাকা পেয়েছিল কিন্তু মার্চ/২০২১ মাসের টাকা পায়নি এমন কোন বীর মুক্তিযোদ্ধা/ওয়ারিশের সংখ্যা ২৭ জন।

৯। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবপোর্টালে ০৪ এপ্রিল ২০২১ তারিখে ফেব্রুয়ারি, ২০২১ মাসে বীর মুক্তিযোদ্ধাদের MIS এর ভিত্তিতে প্রদত্ত সম্মানি ভাতা ব্যাংক ক্রেডিট না হয়ে ফেরত আসা বিষয়ক একটি তালিকা প্রকাশ করা হয়। যেখানে তারাকান্দা উপজেলার কোন বীর মুক্তিযোদ্ধা/ওয়ারিশের নাম নেই। কিন্তু মার্চ/২০২১ মাসের টাকা পায়নি এমন কোন বীর মুক্তিযোদ্ধা/ওয়ারিশের সংখ্যা ০২ জন। তাছাড়া কোন বীর মুক্তিযোদ্ধা/ওয়ারিশ মূলত কি কারনে ভাতার টাকা তার ব্যাংক হিসাবে জমা হয় না তার কারন আজো অজানা।

১০। কোন বীর মুক্তিযোদ্ধা/তাদের ওয়ারিশের তথ্য এমআইএস এ এন্ট্রি করা/অন্য কোন কারনে জরুরী যোগাযোগ করার জন্য হেল্প ডেস্ক: মোঃ মাহিম হোসাইন [ 01713862365 ] ই-মেইলঃ [ mahim@softbdltd.com ] এই ঠিকানা দেয়া আছে। এখানে যোগাযোগ করলে বলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে যোগাযোগ করেন আর বীরমুক্তিযোদ্ধাদের এমআইএস ও সম্মানীভাতার পে-রোল বিষয়ে মন্ত্রনালয়ের নিম্নোক্ত কর্মকর্তা-কর্মচারীদের সাথে যোগাযোগ করার জন্য জনাব নুর মোহাম্মদ পাপন, ডাটা এন্ট্রি অপারেটর, মোবাইলঃ ০১৮১০ ৮১৩২৭৮ দেয়া আছে যা সার্বক্ষণিক বন্ধ থাকে। ফলে বীরমুক্তিযোদ্ধাদের এমআইএস এন্ট্রি/ সম্মানীভাতার পে-রোল প্রেরনের বিষয়ে কোন সহায়তা পাওয়া যায় না।

১১। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের নির্দেশনায় আবার বলা হয়েছে বীর মুক্তিযোদ্ধা/তাদের ওয়ারিশের তথ্য এমআইএস এ এন্ট্রি করা/রমুক্তিযোদ্ধাদের সম্মানীভাতার পে-রোল বিষয়ে কোন ভুল হলে উপজেলা সমাজসেবা অফিসার/উপজেলা নির্বাহী অফিসার দায়ী থাকবে। অথচ বীর মুক্তিযোদ্ধা/তাদের ওয়ারিশের তথ্য এমআইএস এ এন্ট্রি করা/রমুক্তিযোদ্ধাদের সম্মানীভাতার পে-রোল বিষয়ে উপজেলা সমাজসেবা অফিসার/উপজেলা নির্বাহী অফিসার শতভাগ নিশ্চিত হয়ে সকল কাজ করে থাকে। কিন্তু mis.molwa.gov.bd এই সফ্টওয়ারের ত্রুটির কারনে উপজেলা সমাজসেবা অফিসার/উপজেলা নির্বাহী অফিসারকে কাঠগড়ায় দাঁড়াতে হচ্ছে।

উপরিউক্ত বিষয়গুলো নিয়ে প্রতিনিয়তই বীর মুক্তিযোদ্ধাগণ/ওয়ারিশগণ অফিসে আসছেন এবং তারা সরাসরি আমাদের ভুল হয়েছে/আমরা তাদের সম্মানীভাতার টাকা অন্যায়ভাবে আটকে রেখেছি মর্মে অভিযোগ করছেন। ফলে তাদের সাথে ভুলবোঝাবুঝির সৃষ্টি হচ্ছে। কখনো কখনো এই ভুলবোঝাবুঝি মারাত্মক আকার নেয়। মূলত আমাদের কোন ত্রুটি না থাকা স্বত্বেও (মূলত সফটওয়ারের সমস্যা) এই অনাকাংখিত পরিস্থিতির স্বীকার হতে হচ্ছে পাশাপাশি দাফতরিক অন্যান্য কাজেরও বিঘ্ন ঘটছে। উল্লেখ্য বীর মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতা বিতরণ কার্যক্রমটি ছাড়াও সমাজসেবা অধিদফতর এর প্রায় ২৩/২৪ টি কার্যক্রম নির্বাহ করতে হয়।

এমতাবস্থায় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের এমআইএস সফটওয়ারের প্রয়োজনীয় আপগ্রেডেশন করার পাশাপাশি এডিট/ডিলিট অপশন চালুকরণসহ বীর মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতা বিতরণ কার্যক্রমের জন্য প্রয়োজনীয় সংখ্যক জনবল, লজিস্টিক সাপোর্ট এবং আর্থিক বরাদ্দ প্রদানের বিষয়টি মহোদয়ের সদয় অবগতি/বিবেচনা ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত সবিনয়ে প্রেরণ করা হলো।

৬-৪-২০২১

রুবেল মন্ডল
উপজেলা সমাজসেবা অফিসার (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ০১৭০৮৪১৫০১১
ইমেইল:
usso.dhubaura@dss.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ধোবাউড়া,
ময়মনসিংহ

**দৃষ্টি আকর্ষণঃ** উপসচিব , উপ-সচিব (বাজেট), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৪১.০১.৬১১৬.০০০.২০.০১০.২১.৯/১(৮)

তারিখ: ২৩ চৈত্র ১৪২৭
০৬ এপ্রিল ২০২১

সদয় অবগতি :

১) সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়

২) সচিব , মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

৩) মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর

৪) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ

৫) পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, ময়মনসিংহ

৬) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ

৭) উপ পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ

৮) সহকারী পরিচালক, উপপরিচালকের দপ্তর, জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ

৬-৪-২০২১
রুবেল মন্ডল
উপজেলা সমাজসেবা অফিসার (অতিরিক্ত
দায়িত্ব)